গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
মহাখালী, ঢাকা-১২১২।
www.dgnm.gov.bd

নং-৪৫.০৩.০০০০.০০৭.২৭.০০৫.২০২০-

তাং-------------------------/১৪২৭ বঙ্গাব্দ।
/২০২১ খ্রিষ্টাব্দ।

## বিজ্ঞপ্তি

জনাব টিটু বৈদ্য (পিতা- অমল বৈদ্য), সিনিয়র স্টাফ নার্স, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, আনোয়ারা, চট্টগ্রাম বিরুদ্ধে আনীত অভিযোগ সরেজমিনে তদন্তের জন্য নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকার ১১/০১/২০২১খ্রিঃ তারিখের ২৮ সংখ্যক স্মারকে গঠিত তদন্ত কমিটির তদন্ত কার্যক্রম আগামী ৩১/০১/২০২১খ্রিঃ তারিখ রোজ শনিবার সকাল ১০.০০ ঘটিকার সময় সরেজমিনে উপজেলা স্বাস্থ্য কপ্লেক্স, আনোয়ারা, চট্টগ্রামে অনুষ্ঠিত হবে।

২। জনাব টিটু বৈদ্য (পিতা- অমল বৈদ্য), সিনিয়র স্টাফ নার্স, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, আনোয়ারা, চট্টগ্রামকে উক্ত তদন্ত কার্যক্রমে নির্ধারিত স্থান, তারিখ ও সময়ে উপস্থিত থাকার জন্য বলা হল।

স্বাঃ-
(শিরীন আখতার)
উপপরিচালক(শৃঙ্খলা)
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর,
মহাখালী, ঢাকা ও আহবায়ক, তদন্ত কমিটি।

নং-৪৫.০৩.০০০০.০০৭.২৭.০০৫.২০২০- ৭০/১(৯)

তাং- ১৩/১০/১৪২৭ বঙ্গাব্দ।
২৭/১/২০২১ খ্রিষ্টাব্দ।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে) ঃ

১। সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, এজিবি ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
৩। পরিচালক(শৃঙ্খলা), নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৪। সিভিল সার্জন, চট্টগ্রাম।
৫। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, আনোয়ারা, চট্টগ্রাম (তদন্ত কার্যক্রমে সার্বিক সহযোগিতা করার জন্য অনুরোধ করা হলো)।
৬। উপ-পরিচালক (পিএমআইএস), নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, মহাখালী, ঢাকা(এ বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে প্রকাশ করার অনুরোধসহ)।
৭। জেলা পাবিলিক হেল্থ নার্স, সিভিল সার্জন অফিস, চট্টগ্রাম(তদন্ত কার্যক্রমে সার্বিক সহযোগিতা করার জন্য অনুরোধ করা হলো)।
৮। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৯। জনাব টিটু বৈদ্য (পিতা- অমল বৈদ্য), সিনিয়র স্টাফ নার্স, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, আনোয়ারা, চট্টগ্রাম

27.01.2021
(শিরীন আখতার)
উপপরিচালক(শৃঙ্খলা)
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর,
মহাখালী, ঢাকা ও আহবায়ক, তদন্ত কমিটি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
মহাখালী, ঢাকা-১২১২।
www.dgnm.gov.bd

নং-৪৫.০৩.০০০০.০০৭.২৭.৩২৫.২০-

তাং------------------- /১৪২৭ বঙ্গাব্দ।
/২০২১ খ্রিষ্টাব্দ।

বিষয় ঃ ব্যক্তিগত শুনানী প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ে দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, জনাব জ্যোৎস্না সরকার(পিতা-কৃষ্ণপদ সরকার), সিনিয়র স্টাফ নার্স, খুলনা মেডিকেল কলেজ হাসপাতাল, খুলনা এর বিরুদ্ধে ৩০,০০,০০০/-(ত্রিশ লক্ষ) টাকার চেক ডিজঅনার হওয়ায় মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট নালিসী মামলায় আমলী আদালত, সোনাডাঙ্গা থানা, খুলনার সিআর ৫১০/১৯ নং মামলায় সি আর এন আই এ্যাক্টের ১৩৮ ধারায় জনৈক শেখ মোঃ জামাল কর্তৃক আনীত অভিযোগের বিষয়ে মহাপরিচালক, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর মহোদয় কর্তৃক তাঁর ব্যক্তিগত শুনানী গ্রহণের জন্য সিদ্ধান্ত হয়েছে।

২। এমতাবস্থায়, জনাব জ্যোৎস্না সরকার(পিতা-কৃষ্ণপদ সরকার), সিনিয়র স্টাফ নার্স, খুলনা মেডিকেল কলেজ হাসপাতাল, খুলনাকে আনীত অভিযোগের বিষয়ে আগামী ০২/০২/২০২১খ্রিঃ তারিখ রোজ মঙ্গলবার সকাল ১১.০০ ঘটিকার সময় নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের মহাপরিচালক মহোদয়ের এর ব্যক্তিগত শুনানীতে উপস্থিত থাকার জন্য তাকে নির্দেশক্রমে অনুরোধ করা হল।

(শোভা শাহনাজ)
(উপসচিব)
পরিচালক(শৃঙ্খলা)
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর,
মহাখালী, ঢাকা।

জনাব জ্যোৎস্না সরকার
পিতা-কৃষ্ণপদ সরকার,
সিনিয়র স্টাফ নার্স,
খুলনা মেডিকেল কলেজ হাসপাতাল, খুলনা।

নং-৪৫.০৩.০০০০.০০৭.২৭.৩২৫.২০- ৭২/১(৭)

তাং- ১৪/১০ /১৪২৭ বঙ্গাব্দ।
২৮/১ /২০২১ খ্রিষ্টাব্দ।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ
১। সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সিভিল সার্জন, খুলনা।
৩। পরিচালক, খুলনা মেডিকেল কলেজ হাসপাতাল, খুলনা।
৪। উপপরিচালক(পিএমআইএস), নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, মহাখালী, ঢাকা(পত্রটি নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হল)।
৫। সেবা তত্ত্বাবধায়ক, খুলনা মেডিকেল কলেজ হাসপাতাল, খুলনা।
৬। জেলা পাবলিক হেল্থ নার্স, সিভিল সার্জন অফিস, খুলনা।
৭। মহাপরিচালক এর ব্যক্তিগত কর্মকর্তা, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

(শোভা শাহনাজ)
(উপসচিব)
পরিচালক(শৃঙ্খলা)
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর,
মহাখালী, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
মহাখালী, ঢাকা-১২১২।
www.dgnm.gov.bd

নং- ৪৫.০৩.০০০০.০০৭.২৭.০০৫.২১

তারিখ---------------------/১৪২৭ বঙ্গাব্দ
/২০২১ খ্রিষ্টাব্দ

বিষয়ঃ জনাব টিটু বৈদ্য (পিতা- অমল বৈদ্য), সিনিয়র স্টাফ নার্স, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, আনোয়ারা, চট্টগ্রাম (বরখাস্তের পূর্বের কর্মস্থল- উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, মহেশখালী, কক্সবাজার) এর বিরুদ্ধে আনীত অভিযোগ এবং তৎপ্রেক্ষিতে গৃহীত কার্যক্রম সম্পর্কে অবহিতকরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জনাব টিটু বৈদ্য (পিতা- অমল বৈদ্য), সিনিয়র স্টাফ নার্স, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, মহেশখালী, কক্সবাজার এ গত ২৫-০৭-২০১০ইং তারিখ যোগদানপত্র দাখিলপূর্বক কর্তৃপক্ষের বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকায় সেবা পরিদপ্তর এর ২০-১১-২০১১ইং তারিখের ২৩০০৯ নং স্মারকে তার বিরুদ্ধে বিভাগীয় মামলা রুজু করা হয় (কপি সংযুক্ত)। ১৪-০৮-২০১২ইং তারিখে ৩০১৫ নং স্মারকে তাকে ২য় কারণ দর্শানোর নোটিশ জারী করা হয় (কপি সংযুক্ত)। বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয় এর ১১ জুলাই ২০১৩ইং তারিখের ২২৩ নং স্মারকে জনাব টিটু বৈদ্যকে সরকারী চাকরী হতে বরখাস্তকরণে কর্তৃপক্ষের সিদ্ধান্তের সাথে একমত পোষণ করে (কপি সংযুক্ত) এবং স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় এর ১২-০৯-২০১৩ইং তারিখের ৪৫৪ নং স্মারকে কমিশনের মতামতের আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করা হয় (কপি সংযুক্ত)।
তৎপ্রেক্ষিতে সেবা পরিদপ্তর ৩০-০৯-২০১৩ তারিখের ডি.এন.এস/শা-১/১ত-৩১১/২০২০/৬৩১৬ নং স্মারকে জনাব টিটু বৈদ্যকে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধি ১৯৮৫ এর ৪(৩) (ডি) বিধি মোতাবেক সরকারী চাকরী হতে বরখাস্ত করা হয় (কপি সংযুক্ত)।

জনাব টিটু বৈদ্য পুনরায় গত ১৫-১২-২০১৬ইং তারিখে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার কার্যালয়, আনোয়ারা, চট্টগ্রাম এ সিনিয়র স্টাফ নার্স পদে যোগদান করে ২০/১২/২০১৬ইং তারিখ হতে পুনরায় কর্মস্থলে অনুপস্থিত আছেন (কপি সংযুক্ত)।

জনাব টিটু বৈদ্য (পিতা- অমল বৈদ্য), সিনিয়র স্টাফ নার্স, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, মহেশখালী, কক্সবাজার ২০১৩ইং সালে সরকারী চাকরী হতে বরখাস্ত হওয়ার পরে ২০১৬ইং সালে পুনরায় সরকারী চাকুরীতে যোগদান করেন। সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধি ২০১৮ এর ৪(৪)(খ) বিধিতে উল্লেখ করা হয়েছে যে, "চাকরী হইতে বরখাস্তকরণের দণ্ড আরোপ করা হইলে সরকারের অধীন বা কোন আইনের দ্বারা বা আইনের অধীন প্রতিষ্ঠিত কোনো সংবিধিবদ্ধ সংস্থার চাকরীতে নিযুক্ত হইবার অযোগ্য হইবেন।"

উল্লিখিত অভিযোগসমূহের পরিপ্রেক্ষিতে জনাব টিটু বৈদ্য (পিতা- অমল বৈদ্য), সিনিয়র স্টাফ নার্স, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, আনোয়ারা, চট্টগ্রাম এর বিরুদ্ধে বিভাগীয় মামলা রুজু করার নিমিত্তে এ অধিদপ্তরের ১১/০১/২০২১ইং তারিখের ২৮ সংখ্যক স্মারকে তিন সদস্য বিশিষ্ট তদন্ত কমিটি গঠন করা হয়েছে। এছাড়া এ অধিদপ্তরের ২৬/০১/২০২১ইং তারিখের ৬৯ সংখ্যক স্মারকে তার বেতন বন্ধ রাখার এবং ২০১৬ সাল হতে অদ্যাবধি তাকে প্রদানকৃত বেতনের বিবরনী (Salary Statement) এ অধিদপ্তরে প্রেরণের জন্য নির্দেশ প্রদান করা হয়েছে।

বর্ণিতাবস্থায়, জনাব টিটু বৈদ্য (পিতা- অমল বৈদ্য), সিনিয়র স্টাফ নার্স, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, আনোয়ারা, চট্টগ্রাম (বরখাস্তের পূর্বের কর্মস্থল- উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, মহেশখালী, কক্সবাজার) এর বিরুদ্ধে আনীত অভিযোগ এবং তৎপ্রেক্ষিতে গৃহীত কার্যক্রম সম্পর্কে বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়কে অবহিতকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
সংযুক্তি- ০৬ (ছয়) পাতা।

সিদ্দিকা আক্তার
(অতিরিক্ত সচিব)
মহাপরিচালক
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, মহাখালী, ঢাকা
ই-মেইল-info@dgnm.gov.bd

সচিব
স্বাস্থ্য সেবা বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

নং- ৪৫.০৩.০০০০.০০৭.২৭.০০৫.২১ .৭৪/১(৩)

তারিখ- /১৪২৭ বঙ্গাব্দ
/২০২১ খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ,স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। উপজেলা স্বাস্থ্য পরিবার ও পরিকল্পনা কর্মকর্তা, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, মহেশখালী, কক্সবাজার ।
৩। উপজেলা স্বাস্থ্য পরিবার ও পরিকল্পনা কর্মকর্তা, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, আনোয়ারা, চট্টগ্রাম।
৪। নিরীক্ষা ও হিসাব রক্ষণ কর্মকর্তা, বিভাগীয় হিসাব নিয়ন্ত্রকের কার্যালয়, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
৫। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, কক্সবাজার।
৬। উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, মহেশখালী, কক্সবাজার।
৭। উপপরিচালক (পিএমআইএস শাখা), নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, মহাখালী, ঢাকা (এ পত্রটি নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)।
৮। জেলা পাবলিক হেল্থ নার্স, সিভিল সার্জন অফিস, চট্টগ্রাম।
৯। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
১০। অফিস কপি।

শোভা শাহনাজ
উপসচিব
পরিচালক (শৃঙ্খলা)
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
ইমেইল- info@dgnm.gov.bd
ফোন নং- ৯১৩৬৬৭৪